[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

চুয়াডাঙ্গায় খালা শাশুড়ী হত্যা মামলায় একজনের যাবজ্জীবন কারাদণ্ড

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলায় কলাবাড়ি দক্ষিণ পাড়ায় খালা শাশুড়ী শাহিদা খাতুন (৪৫) হত্যা মামলায় রবিউল ইসলাম নামের একজনকে যাবজ্জীবন কারাদন্ড দিয়েছেন আদালত। একই সাথে ২০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো ৬ মাসের সশ্রম কারাদন্ড প্রদান করা হয়।

আজ বুধবার দুপুর তিনটার দিকে চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা ও দায়রা জজ দ্বিতীয় আদালতের বিচারক মোহাম্মদ মাসুদ আলী আসামীর উপস্থিতিতে ওই রায় দেন। নিহত শাহিদা খাতুন রনি চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কলাবাড়ি দক্ষিন পাড়ার রেজাউল ইসলামের স্ত্রী।

মামলা সূত্রে জানা গেছে, ২০০৯ সালের ৬ এপ্রিল রাত আনুমানিক সাড়ে ১২ দিকে পূর্ব শত্রুতার জের ধরে আসামী রবিউল ইসলাম শাহিদা খাতুনকে ধারালো অস্ত্র দিয়ে এলোপাতাড়ি কুপিয়ে আহত করে। পরে স্বজনরা শাহিদা খাতুনকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপালতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন। এঘটনায় নিহতের ভাই হাফেজ আ: মতিন বাদী হয়ে ওই দিন সকালে রবিউল ইসলামকে একমাত্র আসামী করে চুয়াডাঙ্গার দামুড়হুদায় একটি হত্যা মামলা দায়ের করেন।

মামলাটি গভীর তদন্ত শেষে একই বছর ৪ জুলাই একমাত্র রবিউল ইসলাকে আসামী করে আদালতে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেন মামলার তদন্তকারী কর্মকর্তা দামুড়হুদা থানার উপ-পরির্দশক তবারক আলী। পরে ১৩ জনের মধ্যে ১১ জনের স্বাক্ষ্য গ্রহণ শেষে আজ দুপুরে ওই রায় দেন বিচারক। যাবজ্জীবন কারাদন্ডপ্রাপ্ত আসামী রবিউল ইসলাম একই গ্রামের আজিজুল মন্ডলের ছেলে।

দামুড়হুদায় নাতির মোটরসাইকেল থেকে পড়ে নানির মৃত্য

দামুড়হুদায় নাতির মোটরসাইকেলের পিছন থেকে পাকা রাম্তার উপর পড়ে রওশনয়ারা বেগম (৬২)করুন মৃত্য হয়েছে। সে দামুড়হুদা উপজেলার দর্শনা থানার কুড়ালগাছি ইউনিয়নের আমডাঙ্গা গ্রামের আইয়ুব আলী মাস্টারের স্ত্রী।

জানাগেছে আজ বুধবার (১৩ সেপ্টেম্বর)সকাল সাড়ে ১০ টার দিকে নাতি ছেলে স্বপন মোটরসাইকেল যোগে নানি রওশনয়ারাকে চিকিৎসার জন্য বাড়ি থেকে বের হয়। পথিমধ্যে দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের কেসমতপুর গ্রাম এবং সুবলপুর গ্রামের মাঝামাঝি মাঠের মধ্যে পাকা রাস্তার উপর পেছন থেকে পড়ে যায়। সাথে সাথে আশপাশের লোকজন আহত অবস্থায় উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়ার পথিমধ্যে মারা যায়। তার মৃত্যতে ঐ গ্রামে নেমে এসেছে শোকের মাতম।

চুয়াডাঙ্গায় মৃত্যুদন্ডপ্রাপ্ত পলাতক আসামি গ্রেফতার

চুয়াডাঙ্গায় হত্যা মামলার মৃত্যুদন্ডপ্রাপ্ত পলাতক আসামি গ্রেফতার করেছে চুয়াডাঙ্গা সদর থানা পুলিশ।

আজ মঙ্গলবার দুপুরের দিকে এই হত্যা মামলার আসামি ফজলু রহমান ফজলু(৪৫) কে তার শ্বশুর বাড়ি থেকে গ্রেফতার করা হয়।

চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের সার্বিক দিকনির্দেশনায় জেলার সকল থানা এলাকায় মাদক বিরোধী, ওয়ারেন্ট তামিলসহ বিভিন্ন অভিযান পরিচালিত হচ্ছে। তারই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গা বিজ্ঞ আদালত থেকে চুয়াডাঙ্গার সদর থানায় গ্রেফতারী পরোয়ানা প্রাপ্তির এই আসামি।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমানের নেতৃত্বে এসআই(নিঃ) মাসুদ রানার সঙ্গীয় অফিসার এএসআই(নিঃ) আরাফাত শেখ তার সঙ্গীয় ফোর্সসহ আজ মঙ্গলবার চুয়াডাঙ্গা সদর পৌর হকপাড়া এলাকায় অভিযান পরিচালনা করেন। অভিযানে মৃত্যুদন্ডে দন্ডপ্রাপ্ত ওয়ারেন্টভুক্ত পলাতক আসামী চুয়াডাঙ্গার সদর হকপাড়ার ফজলুর রহমান ফজলু(৪৫) তার শ্বশুর সাহেব আলীর বাড়ী থেকে এই আসামিকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আসামিকে চুয়াডাঙ্গা বিজ্ঞ আদালতে সোর্পদ করা হয়েছে।

জীবননগর উপজেলা সরকারি কর্মকর্তাদের সাথে ডিসির মতবিনিময়

চুয়াডাঙ্গার নবাগত জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সঙ্গে মতবিনিময় করছেন জীবননগর উপজেলার সরকারি কর্মকর্তা, বীর মুক্তিযোদ্ধা, রাজনৈতিক নেতা ও সাংবাদিকেরা।

আজ মঙ্গলবার বিকেলে জীবননগর উপজেলা পরিষদের সভাকক্ষে এ মতবিনিময় সভার আয়োজন করা হয়।
সভায় উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃহাফিজুর রহমান বলেন, দৌলৎগঞ্জ-মাজদিয়া স্থলবন্দর ১৯৬৫ সাল পর্যন্ত চালু ছিল। কর্মকর্তারা ১৯৭৫ সাল পর্যন্ত এ স্থলবন্দরের নামে বেতন পেয়েছেন। স্থলবন্দরটি সঙ্গে ভারতীয় দূরত্ব বাংলাদেশের যেকোনো স্থলবন্দরের থেকে কম।

জীবননগর উপজেলা নিবাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে সভায় প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক কিসিঞ্জার চাকমা বলেন, চুয়াডাঙ্গা একটি সম্ভবনাময় জেলা। আমি জীবননগরসহ চুয়াডাঙ্গার চার উপজেলাকে সন্তানের মতো দেখি। আমি জীবননগরে আসার আগে ইউএনওকে দৌলৎগঞ্জ-মাজদিয়া স্থলবন্দরের বিষয়ে সরেজমিনে প্রতিবেদন দিতে বলেছিলাম। ইতিমধ্যে প্রতিবেদন পেয়েছি। আমি দৌলৎগঞ্জ-মাজদিয়া স্থলবন্দর চালুর বিষয়ে উর্ধতন কতৃপক্ষের সঙ্গে আলোচনা করব। তবে

এ বিষয়ে আমাদের বন্ধু রাস্ট্র ভারতের আগ্রহ কেমন সেটি জানতে হবে।

সভায় বিশেষ অতিথি ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. হাফিজুর রহমান, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈসা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী, জীবননগর উপজেলার সহকারী কমিশনার ভুমি তিথি মিত্, জীবননগর উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি গোলাম মোর্তুজা, উপজেলা আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারণ মানুষের আবু মো. আব্দুল লতিফ অমল।

এ ছাড়া উপস্থিত ছিলেন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও বিভিন্ন সরকারি দপ্তরের প্রধানরা।

আলমডাঙ্গায় উপজেলা জামায়াতের নায়েবে আমির গ্রেপ্তার

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা পুলিশের বিশেষ ক্ষমতা আইন ও বিস্ফোরক দ্রব্য আইনে দায়ের করা নাশকতা মামলায় উপজেলা জামায়াতের নায়েবে আমির সেলিম রেজাকে গ্রেপ্তার করেছে পুলিশ। আজ মঙ্গলবার রাত সাড়ে ৮ টায় উপজেলার হাটবোয়ালিয়া এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃত সেলিম রেজা (৬১) উপজেলার হাটবোয়ালিয়া গ্রামের মৃত মহিউদ্দিনের ছেলে।

পুলিশ জানায়, সেলিম রেজার বিরুদ্ধে নাশকতার মামলা ছিল। দীর্ঘদিন যাবত তিনি আত্মগোপনে থাকায় তাকে গ্রেপ্তার করা সম্ভব হচ্ছিল না। গোপন সংবাদের ভিত্তিতে আজ মঙ্গলবার রাতে হাটবোয়ালিয়া এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিপ্লব কুমার নাথ বলেন, নাশকতা মামলায় উপজেলা জামায়াতের নায়েবে আমির সেলিমকে গ্রেপ্তার করা হয়েছে। সে পলাতক থাকায় ইতোপূর্বে তাকে গ্রেপ্তার করা সম্ভব হয়নি।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

তিন সন্তানের জন্ম দিয়েছেন।

২৫০ শয্যা বিশিষ্ট কুষ্টিয়া জেনারেল হাসপাতালের গাইনি চিকিৎসক ওই গৃহবধূর অস্ত্রোপচার করেন।

পরিবার জানায়, মঙ্গলবার ভোর ৫ টার দিকে প্রসূতি সাবিনা ইয়াসমিনের শারীরিক অবস্থা খারাপ হলে স্বজনরা তাকে হাসপাতালে নিয়ে আসেন। আল্ট্রাসনোগ্রাফির মাধ্যমে তারা আগেই জানতেন তার গর্ভে তিনটি সন্তান রয়েছে। হাসপাতালে আনার সময় মায়ের গর্ভে শিশুদের নড়াচড়া কম ছিল। প্রসূতির শরীরে রক্তের পরিমাণও ছিল কম। এ কারণে বেলা সাড়ে ১১ টার দিকে দ্রুত তার অস্ত্রোপচার করা হয়। অস্ত্রপাচারের মাধ্যমে ওই নারী তিনটি ২ টি মেয়ে ১ টি ছেলে সন্তানের জন্ম দেন।

দর্শনায় ৫২ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

চুয়াডাঙ্গার দর্শনায় ৫২ বোতল ভারতীয় ফেনসিডিলসহ এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ী দর্শনা পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের ছয়ঘরিয়া দক্ষিন পাড়ার আঃ রবের ছেলে আক্তারুল ইসলাম (৪৫)।

পুলিশ জানায় মঙ্গলবার (১২ সেপ্টেম্বর) দিবাগত রাত ২ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার শাহার নেতৃত্বে অভিযান চালায় ছয়ঘরিয়া গ্রামে। এ সময় দর্শনা থানার এস আই শামিম রেজা এএসআই মামুনুর রহমান, এএসআই শেখ আবু হানিফ গোপন সংবাদের ভিত্তিতে মাদক বিরোধী অভিযান চালিয়ে সীমান্তবর্তী ছয়ঘরিয়া গ্রামের আক্তারুল ইসলামের স্বীকারক্তিতে বসত বাড়ীর রান্না ঘরে। পুলিশ রান্না ঘরের ভিতর থেকে প্লাষ্টিকে মোড়ানো ৫২ বোতল ফেনসিডিল উদ্ধার করে।

এ ঘটনায় এস আই শামীম বাদী হয়ে আক্তারুল ইসলামের বিরুদ্ধে ১৯৭৪

সালের মাদকদ্রব্য আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে

দর্শনায় ২ টি ফার্মেন্সীতে ১০ হাজার টাকা জরিমানা

চুয়াডাঙ্গার দর্শনায় ভোক্তা অধিকার অভিযানে মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখার অপরাধে ও পন্যের গায়ে রেট না থাকার কারনে ২ টি ফার্মেন্সীতে ১০ হাজার টাকা জরিমানা আদায় করেছে ভোক্তা অধিকার সংরক্ষন অধিদপ্তর।

আজ মঙ্গলবার (১২ সেষ্টম্বর) বেলা সাড়ে ১২ টার দিকে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের চুয়াডাঙ্গার সহকারী পরিচালক সজল আহমেদ অভিযান চালায় দর্শনা রেল বাজার আলো ফার্মেন্সী ও আবিদ ফার্মেসিতে।

এ সময় ভোক্তা অধিকারের সহকারী পরিচালক সজল আহম্মেদ, আলো ফার্মেন্সীতে বিভিন্ন প্রকার ঔষধের প্যাকেটে মেয়াদ না থাকা ও ফিজিসিয়ান স্যাপুল বিক্রয়ের অপরাধে দোকানের মালিক আলাউদ্দিন ইউসুফ আলোকে ৭ হাজার টাকা জরিমানা আদায় করে। পরে আবিদ ফার্মেন্সীতে অভিযান চালিয়ে একই অপরাধে দোকান মালিক সাহাবুর রহমানকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৭ ধারা মোতাবেক ৩ হাজার টাকা জরিমানা করে। পরে দজনের সতর্ক করে বলেন ঔষধের দাম বেশি নেওয়া যাবেনা। মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখা যাবে না এবং ফিজিসিয়ান স্যাপুল বিক্রয় করা যাবে না।

এ অভিযানে দর্শনা থানার এ এস আই সানোয়ার অংশ নেয়।